# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৮৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفصْلُ الثَّنِفْ

---

আরবী

وَعَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: جَاءَ رَجُلٌ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ دُلَّنِي عَلَى عَمَلٍ إِذَا أَنَا عَمِلْتُهُ أَحَبَّنِي اللَّهُ وَأَحَبَّنِي النَّاسُ. قَالَ: «ازْهَدْ فِي الدُّنْيَا يُحِبُّكَ اللَّهُ وَازْهَدْ فِيمَا عِنْدَ النَّاسِ يُحِبَّكَ النَّاسُ» رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْن مَاجَه

ضعيف ، رواه الترمذی (لم اجده) و ابن ماجہ (4102) * فیہ خالد بن عمرو القرشی : کذاب قضاع ولہ متابعات مردودۃ و شواھد ضعیفۃ فالسند موضوع و الحدیث ضعیف ۔

বাংলা

৫১৮৭-[৩৩] সাহল ইবনু সা’দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি [রাসূলুল্লাহ (সা.)-এর নিকট] এসে বলল : হে আল্লাহর রসূল! আমাকে এমন একটি কাজের আদেশ দিন যা করলে আল্লাহ আমাকে ভালোবাসবেন এবং মানুষেরাও আমাকে ভালোবাসবে। তিনি বললেন: দুনিয়া বর্জন করো, আল্লাহ তোমাকে ভালোবাসবেন এবং মানুষের নিকট যা আছে তার প্রতি লোভ করো না। তাহলে লোকেরা তোমাকে ভালোবাসবে। (তিরমিযী ও ইবনু মাজাহ)

ফুটনোট

সহীহ : ইবনু মাজাহ ৪১০২, সিলসিলাতুস সহীহাহ্ ৯৪৪, সহীহুল জামি' ৯২২, ১০৬০৫, সহীহ আত্ তারগীব ওয়াত তারহাব ৩২১৩, রিয়াযুস সলিহীন ৪৭৬, শুআবুল ঈমান ১০৫২৩, আল মুজামুল কাবীর লিত্ব তৃবারানী ৫৮৩৯, হিদায়াতুর রুম | ১১৬/১১৪ পৃ.।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : (ازْهَدْ فِي الدُّنْيَا يُحِبُّكَ اللّٰهُ) তুমি দুনিয়া পরিত্যাগ কর তাহলে আল্লাহ তোমাকে ভালোবাসবেন। অর্থাৎ দুনিয়ার ঐশ্বর্য অর্জন করার ক্ষমতা থাকতেও জাহান্নামের ভয়ে ও জান্নাতের আশায় ঐশ্বর্য অর্জনের পথ পরিহার করে আল্লাহর পথে জীবন ব্যয় করলেই আল্লাহ তোমাকে ভালোবাসবেন।

(وَازْهَدْ فِيمَا عِنْدَ النَّاسِ يُحِبَّكَ النَّاسُ) মানুষের নিকট যা আছে তুমি তা পাওয়ার আশা পরিত্যাগ কর তাহলেই মানুষ তোমাকে ভালোবাসবে। অর্থাৎ তোমার প্রয়োজন থাকা সত্ত্বেও তুমি যদি মানুষের কাছে হাত না পাতো এবং চাওয়ার মাধ্যমে মানুষকে কষ্ট না দাও তাহলেই মানুষ তোমাকে ভালোবাসবে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85167

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন